

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ১৩৮ কোটি টাকা উপবৃত্তি বিতরণ

উন্নত শিক্ষার পাশাপাশি ভাল মানুষ তৈরি করতে চাই-শিক্ষামন্ত্রী

ঢাকা, ১৩ জুলাই ২০১৭

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, উন্নত শিক্ষা প্রদানের পাশাপাশি আমরা ভাল মানুষ তৈরি করতে চাই। জ্ঞান প্রযুক্তি ও দক্ষতা অর্জনের সাথে সাথে একজন ভাল মানুষ হতে হবে। দক্ষ ও নৈতিক মূল্যবোধসম্পন্ন সং ও আদর্শ মানুষ গড়ে তুলতে শিক্ষক হলেন মূল শক্তি। লক্ষ্য অর্জনে তাদেরকে যথাযথ দায়িত্ব পালন করতে হবে। শিক্ষামন্ত্রী আজ রাজধানীর সেগুনবাগিচায় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের উদ্যোগে স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের উপবৃত্তি বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, কিছু লোক শিক্ষকদের চিরায়ত মূল্যবোধ নষ্ট করে দিচ্ছে। তারা কোচিং ব্যবসা করছে এবং তারা পরীক্ষার হলে শিক্ষার্থীদের প্রশ্নের উত্তর বলে দেন। শিক্ষকতা পেশায় তাদের থাকার অধিকার নেই। নৈতিক মূল্যবোধসম্পন্ন শিক্ষকের প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করে শিক্ষামন্ত্রী বলেন, উন্নত-সমৃদ্ধ বাংলাদেশ গড়তে হলে শিক্ষকদের দেশপ্রেমে উজ্জীবিত উন্নত মানসিকতা ধারণ করতে হবে। দক্ষ মানব সম্পদ গড়ে তুলতে তারাই নিয়ামক শক্তি ও মুখ্য ভূমিকা পালন করবেন।

তিনি আরো বলেন, আধুনিক যুগে মানুষের সবচেয়ে বড় হাতিয়ার হচ্ছে জ্ঞান-প্রযুক্তি-দক্ষতা। ভবিষ্যতের দক্ষ নেতৃত্ব গড়ে তুলতে নতুন প্রজন্মকে প্রস্তুত হওয়ার আহ্বান জানিয়ে তিনি বলেন, ২০৪১ সালে উন্নত বাংলাদেশ গঠনের লক্ষ্য পূরণ করতে তাদেরকে বিশ্বমানের জ্ঞান-প্রযুক্তি-দক্ষতা আয়ত্ত্ব করতে হবে।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষার মান ক্রমাগত বাড়ছে। আমাদের নতুন প্রজন্মের মধ্যে প্রযুক্তির ব্যবহার বাড়ছে। ডিজিটাল বাংলাদেশ এখন দৃশ্যমান বাস্তব। কলেজে ভর্তি সহ শিক্ষা মন্ত্রণালয়ের সকল কার্যক্রম অনলাইনে সম্পন্ন করা হচ্ছে।

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক মো. নুরুল আমিনের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ড. এস এম ওয়াহিদুজ্জামান এবং ডাচ-বাংলা ব্যাংকের চেয়ারম্যান সায়েম আহমেদ বক্তৃতা করেন।

পরে শিক্ষামন্ত্রী অনলাইনের মাধ্যমে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের এবছরের উপবৃত্তির ১৩৮ কোটি ৩৫ হাজার ৮৬০ টাকা বিতরণ করেন। মোট ২ লাখ ৫৪ হাজার ৫৩৩ জন স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের শিক্ষার্থী এ বৃত্তি পাচ্ছে। এদের মধ্যে ৬২ হাজার ৪৮৮ জন ছাত্র এবং ১ লাখ ৯২ হাজার ৪৫ জন ছাত্রী। অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী রংপুরের বেগম রোকেয়া কলেজের শিক্ষার্থীদের সাথে ভিডিও কনফারেন্সের মাধ্যমে কথা বলেন। এসময় ছাত্রীরা তাদের অনুভূতি ব্যক্ত করে। অনুষ্ঠানে ২০ জন শিক্ষার্থীর হাতে নগদ বৃত্তির টাকাও তুলে দেন শিক্ষামন্ত্রী। উল্লেখ্য, অনলাইনে মোবাইলের মাধ্যমে বৃত্তির টাকা বিতরণে ডাচ-বাংলা ব্যাংক কারিগরি সহায়তা দিচ্ছে।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯S